



উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জীবন বৃত্তান্ত

মমতাজ বেগম

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, আটপাড়া, নেত্রকোণা।

জনাব মমতাজ বেগম ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন বৈলর ইউনিয়নের কাজির শিমলা গ্রামে জন্মগ্রহণ করেন। পিতামাতার ০৭ (সাত) সন্তানের মধ্যে তিনি ৩য় সন্তান। তিনি আনন্দমোহন সরকারি কলেজ থেকে গণিত বিষয়ে অনার্সসহ স্নাতকোত্তর সম্পন্ন করেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এমএড ডিগ্রি অর্জন করেন। এছাড়াও তিনি প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন প্রশিক্ষণ অর্জন করেছেন।

তিনি ১৯৯৬ সালের ১৯ শে অক্টোবর পিএসসি এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হয়ে সহকারী উপজেলা শিক্ষা অফিসার হিসেবে উপজেলা শিক্ষা অফিস, গফরগাঁও ময়মনসিংহে সরকারি চাকুরিতে যোগদান করেন। যোগদানের পর বিভিন্ন সময়ে তিনি ময়মনসিংহ সদর, মুক্তাগাছা, ইশ্বরগঞ্জ উপজেলা শিক্ষা অফিসে একই পদে কর্মরত ছিলেন। বিগত ২৩/০৯/২০২৪ খ্রিঃ তারিখ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হিসেবে পদোন্নতি লাভ করেন এবং ০১/১০/২০২৪ খ্রিঃ তারিখ হতে অত্রাফিসের দায়িত্বভার গ্রহণ করেন।